

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় আইসিটি শাখা	
প্রোগ্রামার	
সহকারি মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার	
সহকারি প্রোগ্রামার	
অন্যান্যঃ	
ডায়েরী নং-	তারিখ-২২.১০.২১
৪	স্বাক্ষরঃ

স্মারক নং-২৫.০২২.০০২.০১.০০.০০২.২০১২-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
উন্নয়ন অধিশাখা-৯
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd



তারিখঃ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

শুনানীর নোটিশ

উপর্যুক্ত বিষয়ে চট্টগ্রামস্থ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকার প্লট নং-১৬ এর ০.৭৫৫ বিঘা জমি সংক্রান্তে “মা-ছেলের রাহগ্রাসে গণপূর্তের প্লট” শিরোনামে দৈনিক ঢাকা প্রতিদিন পত্রিকায় প্রকাশিত সংবাদ, জাল দলিলের মাধ্যমে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে নামজারি বাতিল, পরিত্যক্ত সম্পত্তি হিসেবে এ মন্ত্রণালয়ের দখলে আনয়ন এবং চট্টগ্রামস্থ আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা প্লট নং-১৬ এর সংলগ্ন অতিরিক্ত ২ (দুই) কাঠা খণ্ড জমি বরাদ্দের আবেদন ও উক্ত প্লটে আপনার/আপনাদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৭/০৫/২০০৩ তারিখের প্রশা-২/৪সি-১০/২০০২/৬৬৪ স্মারকের মাধ্যমে কনকর্ড ট্রেডিং কোঃ, ১৬, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম এর অনুকূলে ১ সনা লীজ চুক্তির আওতায় মের্সাস কনকর্ড ট্রেডিং কোম্পানীর স্বত্বাধিকারী হিসেবে সংশ্লিষ্টতা থাকায় জনাব হাসিনা মমতাজ, স্বামী জনাব মাহবুব জামাল, পিতা- মৃত আলহাজ্ব তবারক উল্লাহ, মাতা-মোছাম্মৎ ফাতেমা বেগম এর শুনানী গ্রহণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, আগামী ২৬/১০/২০২১ তারিখ (রোজ মঙ্গলবার) বিকাল ৩:০০ টায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ (ডেবন নং-৫, কক্ষ নং- ৩১১, ৪র্থ তলা) আপনার শুনানী গ্রহণ করা হবে। উক্ত শুনানীতে বর্ণিত প্লটের মূল কাগজপত্রসহ উপস্থিত হওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হলো। উক্ত ধার্য্য তারিখে অনুপস্থিত থাকলে; এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

- ০১। বরাদ্দপত্র, লীজ দলিল, দখল হস্তান্তর পত্র;
- ০২। হস্তান্তর অনুমতিপত্র ও হস্তান্তর দলিল;
- ০৩। আমমোক্তার গ্রহণের অনুমতিপত্র, আমমোক্তার দলিলের মূলকপি/সার্টিফাইড কপি;
- ০৪। নামজারি অনুমতিপত্র, নামজারি জমাভাগের কপি ও খাজনা পরিশোধের রশিদ; ডিসিআর;
- ০৫। অত্র প্লট সংশ্লিষ্ট মামলা/রায়ের সার্টিফাইড কপি;
- ০৬। জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট সাইজের ছবি ও অন্যান্য আনুষাংগিক কাগজপত্র;
- ০৭। স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক ০১ (এক) সনা লীজ/লীজ নবায়ন/পরবর্তীতে উক্ত প্লটে আপনার সংশ্লিষ্টতা সংক্রান্তে সকল মূল কাগজপত্রাদি;
- ০৮। বর্ণিত প্লটের নক্সা অনুমোদন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র; এছাড়াও আলোচ্য প্লট সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি।

মুঃ

মোঃ মাহমুদুর রহমান হাবিব
উপসচিব
ফোন : ০২২২৩৩৯০৬৪৯

বিতরণ:

জনাব হাসিনা মমতাজ
স্বামী- জনাব মাহবুব জামাল
পিতা- মৃত আলহাজ্ব তবারক উল্লাহ
মাতা-মোছাম্মৎ ফাতেমা বেগম
বাসা # ২২, রাস্তা # ১৪০,
গুলশান-১, ঢাকা-১২১২
এবং
১৬, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

স্মারক নং-২৫.০২২.০০২.০১.০০.০০২.২০১২- ৩৪৭৬(৭)

তারিখঃ ২২/০৭ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব (জননিরাপত্তা-২), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্র প্রাপকগণকে আগামী ২৬/১০/২০২১ তারিখ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ২। অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (নিরাপত্তা), সচিবালয় গেট নং-১/২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্র প্রাপকগণকে আগামী ২৬/১০/২০২১ তারিখ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। যুগ্মসচিব (উন্নয়ন অনুবিভাগ-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি/মাস্টার ফাইল।

মোঃ মাহমুদুর রহমান হাবিব
উপসচিব